



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৫/১২/২০১৭

বিশ্ব মৃত্তিকা দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ে র্যালি ও সেমিনার অনুষ্ঠিত

“পৃথিবীর যত্ন, ধরণী থেকে শুরু হয়” এ প্রতিপাদ্যকে সামনে রেখে ৫ ডিসেম্বর ২০১৭ বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ এবং বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সোসাইটির যৌথ আয়োজনে অনুষ্ঠিত হয়েছে র্যালি, কুইজ প্রতিযোগিতা ও সেমিনার। সকাল ৯ টায় ববির জীববিজ্ঞান অনুষদের ডিন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমানের সভাপতিত্বে বর্ণাঢ্য এ র্যালিতে অংশগ্রহণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সোসাইটির প্রেসিডেন্ট বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইব্রাহীম মোল্লা, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রানী বিশ্বাস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (বিআরআরআই) এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ হোসেন, বিভাগীয় শিক্ষকমন্ডলী, ছাত্র উপদেষ্টাসহ মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা। র্যালিটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষীণ শেষে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। অনুষ্ঠানের ২য় পর্বে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে কুইজ প্রতিযোগিতা, প্রশ্নোত্তর পর্ব এবং সকাল ১০.১৫ ঘটিকায় দিবসটির তাৎপর্য তুলে ধরে সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, মাটি হচ্ছে মায়ের মতো, মা থেকেই মাটি শব্দটি এসেছে। মা যেমন সবকিছু ধারণ করে ঠিক তেমনি মাটিও সব কিছুকে ধারণ করে। কিন্তু আমরা এ মাটিকে যথেষ্টচার ব্যবহার করে তার উর্বরতা শক্তি অনেকটাই ক্ষয়িষ্ণু করে ফেলেছি। আর এ জন্য দরকার সঠিক ভূমি ব্যবস্থাপনা নীতিমালা। প্রতিবছর প্রায় ১ শতাংশ জমি বিলীন হয়ে যাচ্ছে, এ বিষয়ে সরকার এখন সচেতন হয়েছে। তাঁরা জমির বিলীন রোধকল্পে ইতোমধ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। ৫ ডিসেম্বরকে বিশ্ব মৃত্তিকা দিবস হিসেবে জাতিসংঘ কর্তৃক স্বীকৃতি আদায়ের ক্ষেত্রে অগ্রনী ভূমিকা পালন করেছিলেন থাইল্যান্ডের প্রয়াত রাজা ভূমিবল। তাঁর ঐকান্তিক প্রচেষ্টার ফলেই এদিনটি সমগ্র বিশ্বে বিশ্বমৃত্তিকা দিবস হিসেবে পালিত হয়। দিবসটি পালনের মাধ্যমে বছরে অন্তত একবার করে হলেও আমরা এই মৃত্তিকাকে নিয়ে আলোচনা করতে পারি। আর তাই সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উচিত দিবসটি যথাযথ ভাবে পালনে স্ব স্ব অধিদপ্তর ও দপ্তর সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা। উপাচার্য মহোদয় আরও বলেন দেশকে বাঁচিয়ে রাখতে হলে মাটিকে বাঁচাতে হবে। আর তাই **Soil education is a must for all**। বিশেষ অতিথি হিসেবে সেমিনারে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, সরকারি বিএম কলেজের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মফিজুর রহমান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট বরিশালের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ হোসেন, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বরিশাল আঞ্চলের বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ সাব্বির হোসেন। সেমিনারে ববির মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক মন্ডলী, শিক্ষার্থীসহ অন্যান্য বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন। সেমিনার শেষে ববির মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের একঝাঁক তরুণ ও মেধাবী শিক্ষার্থীদের সম্পাদনায় প্রকাশিত পরিবেশ বিষয়ক ম্যাগাজিন Termite এর মোড়ক উন্মোচন করেন উপাচার্য মহোদয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস